

সচিব



ড. মোঃ জাফর উদ্দীন

সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ড. মোঃ জাফর উদ্দীন ১ আগস্ট ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে সচিব পদে যোগদান করেন। এর আগে তিনি ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ভারপ্রাপ্ত সচিব পদে যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি অর্থ বিভাগে অতিরিক্ত সচিব(বাজেট ও সমষ্টিক অর্থনীতি) হিসেবে কর্মরত ছিলেন। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিসের একজন সদস্য। ড. জাফর ২০০৮ সালে ফিলিপিন্স এর ইউনিভার্সিটি অব ইস্ট হতে ব্যবসা প্রশাসনে ডক্টরেট ডিগ্রী লাভ করেন। তিনি ২০০০ সালে যুক্তরাজ্যের আলষ্টার ইউনিভার্সিটি থেকে সরকারী আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে এমএ ডিগ্রী লাভ করেন এবং ১৯৮৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন।

তিনি দীর্ঘ ৩২ বছর ধরে পেশাগত দক্ষতার সাথে দায়িত্ব পালন করছেন। তিনি নিরীক্ষা ও হিসাব ক্যাডারে সহকারী মহা-হিসাব রক্ষক হিসেবে ১৯৮৮ সালে তাঁর কর্মজীবন শুরু করেন। তিনি বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা পদে দক্ষতার সাথে দায়িত্ব করেন; যেমন- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং পরিচালক পদে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে। তিনি উপসচিব, যুগ্মসচিব এবং অতিরিক্ত সচিব পদে অর্থ বিভাগেও দায়িত্ব পালন করেছেন। তিনি মধ্য মেয়াদী বাজেট কাঠামো এবং সামাজিক নিরাপত্তা বেস্তনী কর্মসূচী প্রনয়ণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

অধিকন্তু, তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক (অডিট এ্যান্ড ফিন্যান্স) পদে দায়িত্ব পালন করেন। এরপর ফিলিপিন্স এর ম্যানিলা দূতাবাসে কাউন্সেলর এবং চার্জ দ্য এ্যফেয়ার্স হিসেবে দায়িত্ব পালন করেন। উপরন্তু তিনি সিভিল সার্ভিসে যোগদানের পূর্বে বাংলাদেশ কৃষি ব্যাংক, জনতা ব্যাংক এবং বাংলাদেশ ব্যাংকে দায়িত্ব পালন করেন। পৃথিবীর সর্ববৃহৎ এনজিও (NGO) ব্র্যাক এ লিয়নে কাজ করেছেন।

ড. জাফর ভারপ্রাপ্ত সচিব হিসেবে পদাধিকার বলে জাতীয় ক্রীড়া পরিষদের সহ সভাপতি এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য হিসেবেও দায়িত্ব পালন করছেন।

ড. জাফর দেশে বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান হতে বিভিন্ন পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ও সেমিনারে অংশগ্রহণ করেছেন। তিনি সরকারী দায়িত্বের অংশ হিসেবে বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন; যেমনঃ যুক্তরাজ্য, ইতালি, স্পেন, ভারত, কোরিয়া, সিংগাপুর, মালয়েশিয়া, বেলজিয়াম, আয়ারল্যান্ড, উজবেকিস্তান, থাইল্যান্ড, মায়ানমার, ফিলিপিন্স, শ্রীলংকা, নেপাল, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, ফ্রান্স, ভিয়েতনাম, সুইজারল্যান্ড, পেরু, জার্মানি, চেকোস্লোভাকিয়া, অস্ট্রেলিয়া এবং জাপান।

তিনি জনতা ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, বাংলাদেশ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, পেট্রোবাংলা এবং ইনস্টিটিউট অফ ফিন্যান্স এর পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি জাতীয় প্রকল্প পরিচালক (Inclusive Budgeting and Financing for Climate Resilience Project), ব্যবস্থাপনা পরিচালক (National Human Resource Development Fund) এবং ইনস্টিটিউট অব পাবলিক ফিন্যান্স এর নির্বাহী কমিটির চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের খন্ডকালীন অনুষদ সদস্য ছিলেন এবং বর্তমানে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও একাডেমির রিসোর্স পার্সন হিসেবে কাজ করছেন।

উল্লেখ্য তিনি একজন স্বনামধন্য ক্রীড়া ব্যক্তিত্ব এবং তিনি ১৯৮০'র দশকে প্রথম বিভাগ ঢাকা ভলিবল লীগে নিয়মিত খেলোয়াড় হিসেবে ভলিবল খেলেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক। তাঁর কন্যার নাম সামিয়া আফরোজ(বৃষ্টি) ও পুত্রের নাম মোঃ খালেদ ইমতিয়াজ(সুহদ)। তাঁর স্ত্রী সাদিয়া নুজহাত একজন সফল গৃহিনী।